

**“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”**

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঝিনাইদহ।  
[www.dwa.jhenaidah.gov.bd](http://www.dwa.jhenaidah.gov.bd)



স্মারক নং-৩২.০১.৪৪০০.০০০.১৬.০২০.২২.২৬৯

তারিখ: ২৫/০৫/২০২২ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের অধীনে দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন ঝিনাইদহ জেলার সদর উপজেলার মহারাজপুর ও পদ্মাকর ইউনিয়ন কিশোর কিশোরী ক্লাবে ১(এক) জন সংগীত ও ১(এক) জন আবৃত্তি শিক্ষক নিয়োগ দেওয়া হবে। এ লক্ষ্যে যোগ্য ও আগ্রহী স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম,বেতন/সাকুল্য বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
০১	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে একদিন)	০১ জন	এস.এস.সি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভূক্ত শিল্পী/সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
০২	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে একদিন)	০১ জন	এস.এস.সি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভূক্ত শিল্পী, আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

### শর্তাবলী:

- ০১। প্রার্থীকে আগামী ৩১/০৫/২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিত আবেদন করতে হবে।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত আবৃত্তি ও সংগীত বিষয়ক শিক্ষক এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সমন্বয়ে গঠিত উপজেলা প্যানেল কমিটি আবেদনকারীদের মধ্য থেকে যোগ্য প্রতিটি পদের বিপরীতে ৩ (তিন) জনের প্যানেল প্রস্তুত করবেন।
- ০৩। সংগীত শিক্ষক/ আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে যদি কোন কারনে সংশ্লিষ্ট উপজেলার যোগ্য প্রার্থী পাওয়া না যায় সেক্ষেত্রে পার্শ্ববর্তী উপজেলা হতে সংশ্লিষ্ট উপজেলার নিকটবর্তী প্রার্থীকে নিয়োগ প্রদান করা যাবে।
- ০৪। সরকার নির্ধারিত কোটায়( শহীদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান/মুক্তিযোদ্ধাদের সন্তান/মুক্তিযোদ্ধাদের সন্তান/এতিমথানা নিবাসি ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ০৫। আগামী ৩১/০৫/২০২২ তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনুর্ধ্ব ৩০ বছর হতে হবে। শহীদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান/মুক্তিযোদ্ধাদের সন্তান/শারীরিক প্রতিবন্ধী ও অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে বয়সের সর্বোচ্চ সীমা ৩২ বছর।
- ০৬। আবেদনের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৭। আবেদনের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, নিজ উপজেলা ও জেলার নাম উল্লেখ করতে হবে। বিশেষ কোটায় আবেদনকারীকে খামের উপর কোটার নাম উল্লেখ করতে হবে।
- ০৮। চাকুরিত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ০৯। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, নাগরিক সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র ১ম শেরীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ১০। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ কোন আবেদন গ্রহণ করা হবে না।
- ১১। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হাস-বৃন্দি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন। নিয়োগেরক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- ১৩। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

*27/05/22*

এস.এম. শাহিন  
উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক, প্যানেল কমিটি  
“কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প”  
ঝিনাইদহ সদর,ঝিনাইদহ।